

Cosmo School

রাজিয়া সুলতানা

শ্রেণি: ৩য়

বিষয়: বাংলা

লেখকচর সীট: ৩

তারিখ: ০৭/১০/২০

● গল্পের বাকী অংশ ভালোভাবে রিডিং পড়বে।

❖ মূলশব্দ:

শিশুপার্ক:

জামিল সবাইকে শিশুপার্কে ট্রেনে, ঘোড়ায় ও নাগর দোলায় চড়ালেন। বেলুন ও বাঁশি কিনে দিলেন।

বড় বোর্ড:

রমনা পার্কের পাশ দিয়ে ওদের গাড়ি যাওয়ার সময় রাস্তার এপার থেকে ওপারে ওরা **বড় একটা বোর্ড** দেখতে পেল। বোর্ডটিতে তীর চিহ্ন দিয়ে স্থানের নাম লেখা ছিল। সেটা দেখে ওরা মগবাজারের দিকে গেল।

লেভেলক্রসিং:

মগবাজার যেতেই ওরা একটা ঘন্টাধরনি শুনতে পেল। জামিল বলল, ওটা **লেভেলক্রসিং**। রেলগাড়ি যাওয়ার জন্য রাস্তার দুই পাশে গেট দেওয়া হয়। রেলগাড়ি যাওয়ার সময় গেট বন্ধ করে দেওয়া হয়।

ফ্লাইওভার:

রেল লাইন পার হয়ে ওদের গাড়ি তেজগাঁও ফ্লাইওভারে চলে এলো। টিয়া ও ইজাজ উড়াল সেতুর উপর দিয়ে যাওয়ার সময় বেশ আনন্দ পেল। তারপর সবাই মিলে খামার বাড়ি জামিলের বাসায় চলে এলো এবং মজা করে খাবার খেল।

নতুন শব্দ:

বোর্ড	=	রাস্তায় চলাচলের নিয়ম লেখা ফলক।
সতর্ক	=	সাবধান।
সরব	=	আওয়াজ।
নির্দিষ্ট	=	নির্ধারিত।
নাগরদোলা	=	এক রকমের দোলা।

এক বাক্যের প্রশ্ন:

১. শিশুপার্কে সবাই কীসে চড়ল?
২. বোর্ডটি কী রঙের ছিল?
৩. লেভেলক্রসিংয়ে রাস্তার দুই পাশে কী থাকে?
৪. রেল লাইন পার হলে গাড়ি কীসের ওপর দিয়ে চলল?
৫. ছবি ও ইজাজ কীসের ওপর দিয়ে যাওয়ার সময় খুব আনন্দ পেল?

উত্তর:

১. নাগর দোলা, ট্রেন ও ঘোড়ায়।
২. বোর্ডটি সবুজ রঙের ছিল।
৩. রাস্তার দুই পাশে গেট বন্ধ থাকে।
৪. ফ্লাইওভারের উপর দিয়ে।
৫. ফ্লাইওভারের উপর দিয়ে।